ভোরের কাগজ

257

তারিখ ... AUG. 12 1999 ... ...
পৃষ্ঠা ৪ কলাম ...২...

## শিক্ষা মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ

সম্প্রতি ঢাকা বোর্ডের কমিটির এক বৈঠকে এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের পরবর্তী বছর একই বিষয়ের পরীক্ষা নিয়ে আগের পরীক্ষার প্রাপ্ত মোট নম্বর যোগ করে প্রথম, দ্বিতীয় বা তৃতীয় বিভাগ দিয়ে ফল প্রকাশ করা হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়। ঢাকা বোর্ডের এ সিদ্ধান্ত মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে বলে জানা গেছে। ঢাকা বোর্ডের এ সিদ্ধান্তকে অভিভাবকমহল অভিনন্দিত করেছেন। এক বিষয়ে অকৃতকার্য ছাত্রছাত্রী চরম হতাশা থেকে মুক্তি পাবে এবং পড়াশোনায় মনোযোগী হবে। আর্থিক সঙ্কটের কারণে দরিদ্র অভিভাবকদের পক্ষে পরবর্তী বছর পরীক্ষা দেওয়ার খরচ বহন করা সম্ভব হয় না। ফলে অনেকে পরীক্ষা দিতে পারে না। এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীর পরবর্তী বছরে একই বিষয়ে পরীক্ষা দেওয়ার সিদ্ধান্ত ঢাকা, কুমিল্লা, রাজশাহী, যশোর ও চট্টগ্রাম বোর্ডের অনুমোদনের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

সুমিত্র বিকাশ বড়ুয়া
১৫৪, জুবিলী রোড, চট্টগ্রাম।